

12687 - রোযা অবস্থায় যার নাক থেকে রক্ত ঝরেছে

প্রশ্ন

কোন রোযাদারের নাক থেকে যদি রক্ত ঝরে এর হুকুম কী। যেহেতু আমার এমনটি ঘটেছে।

প্রিয় উত্তর

যদি এমনটি ঘটে থাকে যা প্রশ্নে উল্লেখ করা হয়েছে; তাহলে আপনার রোযা সহিহ। যেহেতু নাক থেকে রক্ত ঝরা আপনার এখতিয়ারের বাহিরে। তাই এর কারণে আপনার উপর রোযা ভেঙ্গে যাওয়ার হুকুম বর্তাবে না। এর পক্ষে প্রমাণ পাওয়া যায় শরিয়তের সহজতার পক্ষের দলিলগুলোতে। যেমন আল্লাহ্ তাআলার বাণী: “আল্লাহ্ কাউকে তার সাধ্যের বাইরে কাজ চাপিয়ে দেন না [সূরা বাক্বারা, আয়াত: ১৮৬] এবং তাঁর বাণী: আল্লাহ্ তোমাদেরকে অসুবিধায় ফেলতে চান না।” [সূরা মায়িদা, আয়াত: ৬]

আল্লাহই তাওফিকের মালিক, আমাদের নবী মুহাম্মদ, তাঁর পরিবার-পরিজন ও তাঁর সাহাবীবর্গের প্রতি আল্লাহ্র রহমত ও শান্তি বর্ষিত হোক।